# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## অর্ধ-বার্ষিক পরীক্ষা -২০২০(মডেল প্রশ্ন ও সাজেশান্স)
## শ্রেণি :নবম
## বিষয়: হিসাব বিজ্ঞান [ বিষয়কোড-১৪৬ ]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

**[দ্রষ্টব্য:ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও।]**

সৃজনশীল প্রশ্ন:

১। জনাব সাকিবের ব্যবসা প্রতিষ্ঠানের নিম্নলিখিত ঘটনা সমূহ সংঘটিত হয়েছে :-
জানুয়ারি -১: সাকিব ২০০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করেন।
জানুয়ারি -৭: তিনি পাওনাদারকে ৪০,০০০ টাকা পরিশোধ করেন।
জানুয়ারি ১৩: তিনি ৩৫০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করেন।
জানুয়ারি -১৭:তিনি লাল মিয়ার নিকট হতে নগদে পণ্য ক্রয় করেন ২৫০০০ টাকার ।
জানুয়ারি -২১: পিন্টুর নিকট পণ্য বিক্রয় ৫৪,০০০ টাকা ।
জানুয়ারি -২৯: সাকিব তার কন্যাকে জন্মদিনের উপহার বাবদ ১২,০০০ টাকা নিজস্ব তহবিল থেকে দেন।
ক. জনাব সাকিবের ব্যবসায়িক লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর ।২
খ) উপরোক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট -ক্রেডিট নির্ণয় কর ।৪
গ. জনাব সাকিবের লেনদেনগুলোর হিসাব সমিকরণের প্রভাব দেখাও ।৪

২। মি.আশিকিন একজন ব্যবসায়ী,তিনি দু'তরফাপদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন না ।২০১৮ সালের ১ জানুয়ারি তার মূলধনের পরিমান ৫৫০,০০০ টাকা। উক্ত বছর তিনি আরো ১১০,০০০ টাকা ব্যবসায় আনেন এবং উত্তোলন করেন ৩০০০০ টাকা ।এছাড়া উক্ত বছর তিনি ব্যবসা হতে ছেলের বেতন বাবদ পরিশোধ করেন ২৪,০০০ টাকা ।৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে তার মোট সম্পদ ৭৮০,০০০ টাকা এবং মোটদায় ১২০০০০টাকা
ক. মি.আশিকিন এর মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর ।২
খ. মি.আশিকিন এর সমাপণী মূলধনের পরিমাণ নির্ণয় কর ।৪
গ. বছর শেষে মি.আশিকিন এর ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর ।৪

৩। তাসকিন ট্রেডার্সের ২০১৯ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত লেনদেন সমূহ সংঘটিত হয়েছে:- হয়েছিল-
এপ্রিল- ১. কোর্ট বাজার হতে সাহেব বাজাওে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ২১,০০০ টাকা।
এপ্রিল -৫. মনিহারি দ্রব্যাদি ক্রয় ৫,০০০ টাকা ।
এপ্রিল -১২. জসিমে নিকট হতে নগদে নতুন মেশিন ক্রয় ৮৮,০০০ টাকা ।যার বহন খরচ ৫০০০ টাকা।
এপ্রিল -২৩. নতুন মেশিন সংস্থাপণ ব্যয় ৭,০০০ টাকা।
এপ্রিল- ২৫. পুরাতন কম্পিউটার মেরামত ববিদ খরচ ৩০০০টাকা।
এপ্রিল -২৭. নতুন পণ্যে গবেষণাব্যয় ২২০০০ টাকা ।
এপ্রিল -৩০. অফিসের গাড়ির জন্য নতুন টায়ার ও ব্যাটারি ক্রয় ৩৪০০০ টাকা ।
ক. তাসকিন ট্রেডাস এর বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর ।২
খ. তাসকিন ট্রেডাস এর মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ লিখ ।৪
গ. তাসকিন ট্রেডাস এর ১২ এপ্রিল ২০১৯ তারিখে ক্রিত মেশিনের বিক্রয় মূল্য ১১২,০০০ টাকা হলে,মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর ।৪

৪। মি.জান্নাতি ১ মার্চ, ২০১৮ তারিখে নগদ ৩৫০০০০টাকা ও যন্ত্রপাতি ৪০০০০টাকা নিয়ে কারবার চালু করেন।
মার্চ -৫: মামুন লুঙ্গি ঘর,পাবনা। নিকট হতে @ ১০% বাট্টায় লুঙ্গি ক্রয় করেন ৫০,০০০টাকা।
চালান নং ১০২।
মার্চ -১০:বিনামূল্যে পণ্য বিতরণ করেন ৫৫০০ টাকা।
মার্চ - ১৫: অতিরিক্ত মূলধন আনয়ন ২০০০০ টাকা।
মার্চ-২০: ব্যাংকে ৪০০০০ টাকা জমা দেয়া হলো।
মার্চ- ৩০. রাফির বেতন পরিশোধ ৭,০০০টাকা ।ক. মার্চ -৫, তাখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি কর ।২
খ. মি.জান্নাতি এর মাস শেষে মালিকানা স্বত্ব নির্ণয় কর ।৪
গ. মি.জান্নাতি এর ৫ থেকে ২৭ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রস্তুত কর ।৪

৫। এবি এন্ড সন্স ২০১৮ জানুয়ারি ১ তারিখে নগদ ২০০,০০০ টাকা, ১৫০,০০০ টাকার শাড়ি এবং ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা নিয়ে জোনাকি শাড়ি হাউজ চালু করেন।
জানু -৫: স্টার শাড়ি হাউজ,পাবনা, নিকট শাড়ী বিক্রয় করেন @ ১০% বাট্টায় ১৫০,০০০টাকা।
প্যাকিং খরচ ৭০০ টাকা ,চালান নং ১০২।
জানু -১৫: নিউচমক শাড়ী হাউজ,রাজশাহী থেকে শাড়ী ক্রয় করেন ৮০,০০০টাকার
@ ১০% বাট্টায় ,চালান নং ৮৯।
জানু-২৩: জামদানি শাড়ি হাউজ,টাঙ্গাইল এর নিকট হতে শাড়ী ক্রয় করেন ১২০,০০০টাকার ।
বহন খরচ ৫০০ টাকা ও প্যাকিং খরচ ২০০ টাকা , চালান নং ৯০।
জানু-২৯: পাখি বস্ত্রালয় নিকট শাড়ী বিক্রয় করেন ৭০,০০০টাকার । চালান নং ১০৩।

ক. এবি এন্ড সন্স এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর ।২
খ)এবি এন্ড সন্স এর ক্রয় জাবেদা প্রস্তুত কর ।৪
গ. এবি এন্ড সন্স এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর ।৪

৬। জনাব লামিয়া এর ব্যবসায় নিম্নোক্ত লেনদেন সমূহ ২০১৯ সালের মার্চ মাসে সংঘটিত হয়েছে-
মার্চ-১. নগদ ১৭৩,৫০০ টাকা ও ২৬,৫০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হল।
মার্চ -৫. পণ্য ক্রয় ৭০,০০০ টাকা, (যার ৭০% চেকে এবং ৩০ % ধারে)।
মার্চ -১২. পুরাতন আসবাবপত্র বিক্রয় ২০,০০০ টাকা।
মার্চ -১৩. ব্যাংকে জমা দান ২০,০০০ টাকা।
মার্চ- ২৪. কর্মচারীকে চেকে মাধ্যমে বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক) জনাব লামিয়া এর প্রারম্ভিক জাবেদা প্রস্তুত কর ।২
খ) উপরের লেনদেনের ভিত্তিতে ( ৫ মার্চ -২৪ মার্চ )তারিখের জাবেদা দাখিলা দাও ।৪
গ) উপরের লেনদেনের ভিত্তিতে নগদান হিসাব ও ক্রয় হিসাব তৈরি কর ।৪

৭। জনাব রাতুল এর ব্যবসায় নিম্নোক্ত লেনদেন সমূহ ২০১৯ সালের মে মাসে সংঘটিত হয়েছে-
মে- ১. জাফরের নিকট নগদে বিক্রয় ১০০,০০০ টাকা ।
মে -৫. অফিসের জন্য কম্পিউটার ক্রয় ৪৮,০০০ টাকা
মে- ১২. পুরাতন মেশিন বিক্রয় ২৫,০০০ টাকা।
মে-২০.ব্যবসায় হতে উত্তোলন ১৩,০০০ টকা।.

মে-২৫. নাফিজের নিকট হতে ৩৪,৩০০ টাকা প্রাপ্তি এবং বাট্টা প্রদান ৭০০ টাকা ।
মে-২৭.জসিমকে প্রদান ২১,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা ।
মে-২৯. ব্যাংক হতে ঋন গ্রহণ ১৫০,০০০ টাকা
মে-৩০. নগদে পণ্য ক্রয় ২০,০০০ টাকা

ক) মে-১ তারিখের ভিত্তিতে একটি ভাউচার তৈরি কর । ২
খ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর । ৪
গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর । ৪

৮ । জনাব সাইফ মন্ডল এর ব্যবসায় নিম্নোক্ত লেনদেন সমূহ ২০১৯ সালের জুন মাসে সংঘটিত হয়েছে-
জুন-১; নগদ জের ২৫,০০০ টাকা ও ব্যাংক জের ১৬,৫০০ টাকার ।
৫. পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা
১২. মামুনের নিকট হতে ২০,০০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে ১৯০০০ টাকা প্রাপ্তি ।
১৫. ৫০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ ।
২৩. ব্যাংকে জমা দান ২৫,০০০ টাকা
২৫. মনির নিকট হতে ২২,০০০ টাকার পণ্য ক্রয় ।
২৮. জসিমকে প্রদান ২১,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা ।
২৯. পণ্য কয় ১৪০০০ টাক চেকের মাধ্যমে ।
৩০. ব্যাংক হতে উত্তোলন ২০,০০০ টাকা ।

ক) যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর । ২
খ) ১,৫,২৩ ,২৫ ও ২৯ তারিখের জন্য জনাব সাইফ মন্ডলের দু'ঘরা নগদান তৈরি কর ।৪
গ) ১,১২,১৫,২৮ ও ৩০ তারিখের জন্য জনাব সাইফ মন্ডলের তিন ঘরা নগদান তৈরি কর । ৪

৯ । জনাব ওয়ারেসু সাহেব একজন ব্যবসায়ী ২০১৪ সালের জানুয়ারি মাসের তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:
জানুয়ারি -১; নগদ ২৫,০০০ টাকা ও ৬,৫০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুর করা হল ।
৫. পণ্য ক্রয় ১০,০০০ টাকা ।
১২. ধারে বিক্রয় ২০,০০০ টাকা ।
২০. ব্যাংকে জমা দান ১৫,০০০ টাকা
৩০. কর্মচারীকে বেতন প্রদান ৮,০০০ টাকা ।

ক) জনাব ওয়ারেসু প্রারম্ভিক মূলধন কত ? ২
খ) লেনদেন সংশিষ্ট হিসাবসমূহ কোন শ্রেণীর অন্তর্ভুক্ত তা ছক আকারে উপস্থাপন কর । ৪
গ) জানুয়ারি ৫,১২,২০ও ৩০ তারিখের লেনদেনগুলো হিসাবসমীকরণে (বিবরণী ছকে) প্রভাব দেখাও । ৪

১০ । জনাব হাফিজ একজন ব্যবসায়ী ।তার ২০১৮ সালের জুন মাসের ঘটনা সমূহ নিম্নে দেয়া হলো:
জুন -১: হাফিজ সাহেব ৩০০০০০ টাকা নিয়ে কারবার শুরু করেন ।
জুন-৭:তিনি আলমের নিকট নগদে ৪০০০০ টাকার পণ্য বিক্রয় করেন ।
জুন-১৩:মিজান নামের কর্মচারী ৪০০০ টাকা ক্যাশ বাক্স থেকে চুরি করে পালিয়েছে ।
জুন-১৭:তিনি লাল মিয়ার নিকট হতে ২৫০০০ টাকার ক্রয় করেন ।
জুন -২১: হাফিজ সাহেব তার কন্যাকে জন্মদিনের উপহার বাবদ ১২০০০টাকা নিজস্ব তহবিল থেকে দেন ।
জুন -২৯: হাফিজ সাহেব ২০০০০০ টাকার যমুনা ব্যাংকের শেয়ার ক্রয় করেন ।
করনীয়:
ক. জনাব হাফিজ এর লেনদেন নয় এমন ঘটনার পরিমান কত?২
খ) প্রতি লেনদেনের সহিত সংশিষ্ট ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত কর । ৪
গ. জনাব হাফিজ এর লেনদেন গুলোর হিসাব সমিকরনের উপর প্রভাব দেখাও ।৪

১১ ।
মি.জাহিদ ১ মে ২০১৪ তারিখে নগদ ৩৫০০০০টাকা এবং আসবাবপত্র ৪০০০০টাকা নিয়ে কারবার চালু করেন ।
মে-৪:ধারে পণ্য ক্রয় ৫০০০০ টাকা ।
মে-১২:ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন করেন ৫০০০ টাকা ।
মে- ১৫: আসবাবপত্রের ওপর অবচয় ২০০০ টাকা ।
মে-২৭:অফিস ভাড়া পরিশোধ ৭০০০টাকা ।

করনীয়:
ক. মি.জাহিদ এর প্রারম্ভিক মূলধন নির্ণয় কর ।২
খ. মি.জাহিদ এর লেনদেনে গুলোর শ্রেণি নির্ণয় কর ।৪
গ. মি.জাহিদ এর লেনদেনগুলো বিবরনী ছকে হিসাব সমিকরন প্রস্তুত কর ।৪

১২ । শান্তা ট্রেডার্স এর ব্যবসায় জুন ২০১৭ সালের কতিপয় লেনদেন নিম্ন রুপ:

| হিসাব সমূহ | টাকা |
|---|---|
| মূলধন আনয়ন করেন | ২০০০০ |
| পণ্য ক্রয় | ৫০০০০ |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৩৫০০০ |
| ব্যাংক সুদ প্রাপ্তি | ২০০০ |
| পণ্য বিক্রয় | ৭০০০০ |
| শিক্ষনবিশ সেলামি | ৫০০০ |
| ব্যাংক ঋণ | ৮০০০০ |

| | |
|---|---|
| মেশিন বিক্রয় জনিত লাভ | ২৪০০ |
| আমদানি শুল্ক পরিশোধ | ১০০০ |

করনীয়:

ক. শান্তা ট্রেডার্স এর মুনাফা জাতীয় খরচ নির্ণয় কর ।২

খ. শান্তা ট্রেডার্স এর বৈদ্যুতিক যন্ত্রপাতি বিক্রয় করেন ৩৯০০০টাকা তাহলে মূলধন জাতীয় আয় কত?৪

গ. শান্তা ট্রেডার্স এর মূলধন জাতীয় প্রাপ্তি ও মুনাফা জাতীয় ব্যয় পরিমাণ কত?৪

১৩। মুবিন এন্ড সন্স ২০১৭ জানুয়ারি ১ তারিখে নগদ ২০০০০০ টাকা এবং আসবাবপত্র ১০০০০ টাকা নিয়ে জোনাকি শাড়ি হাউজ চালু করেন।

জানু-১০:রকিব শাড়ী হাউজের নিকট হতে ১০% বাট্টায় ১৫০০০০টাকার শাড়ী ক্রয় করেন। চালান নং ১০২,বহন খরচ ৫০০ টাকা।

জানু -৫:রকি শাড়ী হাউজ থেকে ১০০০০০টাকার শাড়ী বিক্রয় করেন। চালান নং ৭০

জানু-২৩:রবি ট্রেডাসের নিকট ৫% বাট্টায় ২০০০০০টাকার শাড়ী বিক্রয় করেন। চালান নং ১০৩।

জানু-২৯:ছবি ট্রেডাসের নিকট থেকে ৫% বাট্টায় ৮০০০০টাকার শাড়ী ক্রয় করেন। চালান নং ৯৩।

করনীয়:

ক. মুবিন এন্ড সন্স এর ১০ তারিখের একটি চালান তৈরি কর ।২

খ) মুবিন এন্ড সন্স এর ক্রয় জাবেদা প্রস্তুত কর ।৪

গ. মুবিন এন্ড সন্স এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর ।৪

১৪। মি.জমির ১ মার্চ ২০১৬ তারিখে নগদ ৩৫০০০০টাকা ও মেশিন ৪০০০০টাকা নিয়ে কারবার চালু করেন।

মার্চ -৫:পণ্য বিক্রয় ২৫০০০ টাকা।

মার্চ -১২:বিনামূল্যে পণ্য বিতরণ করেন ৫৫০০ টাকা।

মার্চ - ১৫: অতিরিক্ত মূলধন আনয়ন ২০০০০ টাকা।

মার্চ-২০: ব্যাংকে ৪০০০০ টাকা জমা দেয়া হলো।

মার্চ -২৯:রাফির বেতন পরিশোধ ৭০০০টাকা।

করনীয়:

ক. মি. জমির এর প্রারম্ভিক জাবেদা তহবিল নির্ণয় কর ।২

খ. মি. জমির এর মাস শেষে মালিকানা স্বত্ব নির্ণয় কর ।৪

গ. মি. জমির এর ৫ থেকে ২৯ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রস্তুত কর ।৪

১৫। জনাব আনিকা এর ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৮ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেন সমূহ হয়েছিল-

১. ৫০০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করল।
৫. বাকীতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা
১২. জামালের নিকট বিক্রয় ২৮,০০০ টাকা
১৩. ব্যাংকে জমা দান ২০,০০০ টাকা
২৪. কর্মচারীকে বেতন প্রদান ১০,০০০ টাকা

করনীয়:

ক) ১২ তারিখের জাবেদা প্রস্তুত কর ।২

খ) উপরের লেনদেনের ভিত্তিতে টি ছকে নগদান হিসাব তৈরি কর ।৪

গ) উপরের লেনদেনের ভিত্তিতে চলমান জের পদ্ধতিতে নগদান হিসাব তৈরি কর ।৪

১৬। জনাব কবির সাহেব একজন ব্যবসায়ী ২০১৮ সালের জানুয়ারি মাসের তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:

জানুয়ারি১; নগদ ২৫,০০০ টাকা ও ৬,৫০০ টাকার কলকব্জা ও যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুর করা হল
" ৫; ৫% বাট্রায় সুবর্ণা ট্রেডার্সের নিকট ৪,৮০০ পণ্য বিক্রয়; চালান নং ২০৫
" ৮; রাজনের নিকট থেকে ৪ ৫০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান।
" ১২; সুবর্ণা টেডার্সকে ৫,০০০ টাকার পণ্য ফেরত দেয়া হল। ডেবিট নোট নং ১০৯
" ১৫; মণিহারী দ্রব্য ক্রয় ১২০০ টাকা ।
" ২৮; ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১৮০০ টাকা।

ক)জনাব কবিরের প্রারম্ভিক জাবেদা প্রস্তুত কর ।২

খ) জনাব কবিরের লেনদেন গুলোর জাবেদা তৈরি কর ।৪

গ) উপরের ১২ তাং এর লেনদেনের ভিত্তিতে জনাব কবিরের ডেবিট নোট তৈরি কর ।৪

১৭। জনাব জনি এর ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৪ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেন সমূহ হয়েছিল-

১. জনি সাহেব ৩০০০০০ টাকার ব্যাংকের শেয়ার ক্রয়ের সিদ্ধান্ত নেয়া হয়।
৫. বাকীতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা
১২. পণ্য বিক্রয় ২৮,০০০ টাকা
১৮. ১০০০০ টাকা বেতনের একজন ম্যানেজার নিয়োগ ।
২৩. জনতা ব্যাংকে জমা দান ২৫,০০০ টাকা।

২৫. অবচয় ধার্য ৩০০০টাকা ।
২৭.জসিমের নিকট ২০০০০ টাকার কমিশন প্রাপ্তি ।
২৮. কর্মচারীকে বেতন প্রদান ১০,০০০ টাকা
৩০.বিজ্ঞাপণ ব্যয় ৩০০০ টকা ।

করনীয়:
ক) ব্যবসায়িক লেনদেন নয় তা চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর । ২
খ) জনাব জনি এর মুনাফা জাতীয় প্রাপ্তি বের কর । ৪
গ) জনাব জনি এর মুনাফা জাতীয় ব্যয় বের কর ।

১৮ । জনাব মনি এর ব্যবসায় প্রতিষ্ঠানে ২০১৪ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত লেনদেন সমূহ হয়েছিল-
১. নগদ ১০০,০০০ টাকা নিয়ে কারবার শুরু করা হলো।
৫. বাকীতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা
১২.নগদে পুরাতন মেশিন বিক্রয় ২৮,০০০ টাকা
২৩. জনতা ব্যাংকে জমা দান ২৫,০০০ টাকা ।
২৫. অবচয় ধার্য ৩০০০টাকা ।
২৮. কর্মচারীকে বেতন প্রদান ১০,০০০ টাকা
৩০.বিজ্ঞাপণ ব্যয় ৩০০০ টকা ।

করনীয়:
ক. জনাব মনি এর প্রারম্ভিক মূলধন নির্ণয় কর ।২
খ. জনাব মনি এর লেনদেনগুলোর হিসাব এর শ্রেণি নির্ণয় কর ।৪
গ. জনাব মনি এর লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর ।৪

১৯ । জনাব রকি ড্রাগ হাউজের মালিক ।তার ২০১৭ সালের জুন মাসের ঘটনা সমূহ নিম্নে দেয়া হলো:
জুন-৭:তিনি আলমের নিকট ৪০০০০ টাকার ঔষধ বিক্রয় করেন ।
জুন-১৩:মিজান নামের কর্মচারীকে বতেন প্রদান করেন ৪০০০ টাকা ।
জুন-১৭:তিনি লাল মিয়ার নিকট হতে ২৫০০০ টাকার ঔষধ ক্রয় করেন ।
জুন -২১: রকি সাহেব তার কন্যাকে জন্মদিনের উপহার বাবদ ১২০০০টাকা নিজস্ব তহবিল থেকে দেন ।
জুন -২৯: রকি সাহেব ২০০০০০ টাকার যমুনা ব্যাংকে জমা দেন ।

করনীয়:
ক. জনাব রকি এর লেনদেন নয় এমন ঘটনার পরিমান কত?২
খ) প্রতি লেনদেনের সহিত সংশিষ্ট ডেবিট ও ক্রেডিটের কারন ব্যাখ্যা কর । ৪
গ. জনাব হাফিজ এর লেনদেন গুলোর হিসাব সমিকরনের উপর প্রভাব দেখাও ।৪

২০ । মি.টুডু ১ মে ২০১৭ তারিখে নগদ ৩৫০০০০টাকা এবং আসবাবপত্র ৪০০০০টাকা নিয়ে কারবার চালু করেন ।
মে-৪: পণ্য ক্রয় ৫০০০০ টাকা ।
মে-১২:ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন করেন ৫০০০ টাকা ।
মে- ১৫:পুরাতন আসবাবপত্র বিক্রয় ২০০০০ টাকা ।
মে-২৭:অফিস ভাড়া পরিশোধ ৭০০০টাকা ।

করনীয়:
ক. মি.টুডু এর প্রারম্ভিক মূলধন নির্ণয় কর ।২
খ. মি.টুডু এর লেনদেনে গুলোর কারন সহ শ্রেণি নির্ণয় কর ।৪
গ. মি.টুডু এর লেনদেনগুলোর জাবেদা কর ।৪

## রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
## অর্ধ-বার্ষিক পরীক্ষা -২০২০(মডেল প্রশ্ন)
## শ্রেণি :নবম
## বিষয়: হিসাব বিজ্ঞান [ বিষয়কোড-১৪৬ ]

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

**[দ্রষ্টব্য:সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।প্রতিটি প্রশ্নের মান ১ ।]**

বহুনির্বাচনী প্রশ্ন:

১। খতিয়ান হিসাবচক্রের কত তম ধাপ?
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫

২। বিক্রয় ফেরত জাবেদায় ক্রেডিট হবে?
ক. বিবিধ দেনাদার খ. বিবিধ পাওনাদার
গ. বিক্রয় ঘ. বিক্রয় ফেরত

৩। খতিয়ানকে বলা হয়–
i. প্রাথমিক বই
ii. পাকাবই
iii. স্থায়ী বই
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৪। বি/ডি বলতে বুঝায়
ক. উপর থেকে আনীত খ. সম্মুখে নীত
গ. পেছন থেকে আনীত ঘ. নীচে নীত

৫।খতিয়ানের উদ্বৃত্ত দ্বারা প্রস্তুত করা হয়?
ক. জাবেদা খ. খতিয়ান
গ. সমন্বয় ঘ রেওয়ামিল

৬। জাবেদাকে বলা হয়–
i. প্রাথমিক বই
ii. সহকারী বই
iii. স্থায়ী বই
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৭। হিসাব সমীকরণ অনুযায়ী হিসাব–
ক. ৩ প্রকার খ. ৪ প্রকার
গ. ৫ প্রকার ঘ. ৬ প্রকার

৮। হিসাবের ছকে মোট কলম সংখ্যা–
ক. ৬টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ১০টি

৯। হিসাব সমীকরণের সঠিক প্রকাশ হলো–
i. সম্পদ= দায় + মালিকানা স্বত্ব
ii. সম্পদ - মালিকানা স্বত্ব= দায়
iii. সম্পদ+ মালিকানা স্বত্ব= দায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

### নিম্নের তথ্যের ভিত্তিতে ১০-১১ নং প্রশ্নের উত্তর দাও–

জনাব জাহিদ ২০১৪ সালের ১ জানুয়ারি ২,০০,০০০ টাকা ও ২০,০০০ টাকার পুরাতন কম্পিউটার নিয়ে ব্যবসায় শুর করেন। জানুয়ারি ১০তারিখে জনাব সাজিদের নিকট হতে ২৫,০০০ টাকার পণ্য ক্রয় করেন। ৩১ জানুয়ারি কর্মচারীদের ৫,০০০ টাকা বেতন পরিশোধ করা হয়।

১০। জনাব জাহিদ এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত?
ক. ২,৪৫,০০ খ. ২,২০,০০০ গ. ২,০০, ০০০ ঘ. ১,৮০,০০০

১১। কর্মচারীদের বেতন ৫,০০০ টাকা প্রদান করলে হিসাব সমীকরণের-
i. A উপাদান হ্রাস পাবে
ii. L উপাদানের বৃদ্ধি পাবে
iii. E উপাদানের হ্রাস ঘটবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

১২। কোন হিসাবের মোট ডেবিট ও মোট ক্রেডিট টাকার পার্থক্য কে বলা হয়–
ক. লাভ খ. ক্ষতি
গ. দায় ঘ. উদ্বৃত্ত

১৩। মূলধন জাতীয় ব্যয়-
ক. পণ্য ক্রয় খ জমি বিক্রয়
গ. জমি ক্রয় ঘ. মজুরি প্রদান

১৪। মুনাফা জাতীয় আয়-
ক. পণ্য ক্রয় খ মেশিন বিক্রয়
গ. মজুরি প্রদান ঘ. পণ্য বিক্রয়
১৫। কেডিট হবে-
ক. আয় বৃদ্ধি পেলে খ. আয়হ্রাস পেলে
গ. ব্যয় বৃদ্ধি পেলে ঘ. সম্পদ বৃদ্ধি পেলে
১৬। ডেবিট নোট কে তৈরি করে?
ক. ক্রেতা খ. বিক্রেতা
গ. ক্যাশিয়ার ঘ. হিসাবরক্ষক
১৭। হিসাববিজ্ঞানের জনক কে?
ক. লুকা ডেবিস খ. লুকা প্যাসিক
গ. লুকা প্যাসিওলি ঘ. নিউটন
১৮। হিসাববিজ্ঞান কে কি নামে অভিহিত করা হয়?
ক. হিসাব ব্যবস্থা খ. তথ্য ব্যবস্থ
গ. নিরীক্ষা ব্যবস্থা ঘ. বিবরনী ব্যবস্থা
১৯। একই শ্রেণিভুক্ত হিসাব নয় কোনটি?
ক. ক্রয় হিসাব খ. বিক্রয় হিসাব
গ. সেবা আয় হিসাব ঘ. ভাড়া প্রাপ্তি
২০। যন্ত্রপাতি ক্রয় কে, ক্রয় হিসাবে লিপিবদ্ধ করলে কোন ধরণে ভুল হবে
ক. করনীক খ. নীতিগত
গ. বাদপড়া ঘ. পরিপূরক
২১। রেওয়ামিলের ছকে মোট কলাম কয়টি থাকে–
ক. ৫ প্রকার খ. ৮ প্রকার
গ. ১০ প্রকার ঘ. ১২ প্রকার
২২। রেওয়ামিলের অন্তর ভুক্ত হয় না-
ক. ক্রয় খ. বীমা
গ. সমাপনী ব্যাংক জমা ঘ. প্রারম্ভিক নগদ তহবিল
২৩। রেওয়ামিলের ডেবিট পাশে বসে
ক. উত্তোলনের সুদ খ. বকেয়া বেতন
গ. অগ্রিম বেতন ঘ. ঋণ

২৪। রেওয়ামিলের ছকে কোনটি থাকে,
i. ক্র:নং
ii. জা:পৃ
iii.খ:পৃ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii
২৫। খতিয়ানের ব্যালেন্স সিডি তৈরির কত দিন পরে ব্যালেন্স বিডি তৈরি করতে হয়–
ক. ১দিন খ ৩০দিন
গ. ৩১দিন ঘ. ১বছর
২৬। তিন'ঘরা নগদানের ছকে র:নং বসে কোন পাশে–
ক. ক্রেডিট খ. ডেবিট
গ. ক্রেডিট /ডেবিট ঘ. কোনটাই নয়
২৭। কন্ট্রা এন্টি কোনটি,
i. ব্যাংকে জমা ৫০০০ টাকা
ii. ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ২,০০০ টাকা।
iii.ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii
২৮। নগদ প্রদান জাবেদায় যাবে -
ক. পণ্য ক্রয় ১০০টাকা খ. নগদে বিক্রয় ১০০টাকা
গ.ধারে পণ্য ক্রয় ১০০টাকা ঘ ধারে বিক্রয় ১০০টাকা
২৯। ধারে পণ্য ক্রয় ২০০০টাকাহলে, নগদান বই বসে-
ক. ডেবিট পাশে খ. ক্রেডিট পাশে
গ. উভয় পাশে ঘ. কোন পাশেই নয়
৩০। দুই ঘরা নগদানের ছকে মোট কলাম থাকে-
ক. ১০ খ. ৮
গ. ১২ ঘ.১৪